

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮১৪

২৮/ খাদ্য সম্পর্কিত (ﷺ کتاب الأطعمة عن رسول الله পরিচ্ছেদঃ রসুন ও পিয়াজ খাওয়া মাকরহ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ أَكْلِ الثُّومِ وَالْبَصَلِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، أَنْبَأَنَا شُعْبَةُ، عَنْ سِمَاكَ بْنِ حَرْب، سَمِعَ جَابِرَ بْنَ سَمُرَةَ، يَقُولُ نَزَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى أَبِي أَيُّوبَ وَكَانَ إِذَا أَكَلَ طَعَامًا بَعَثَ إِلَيْهِ بِفَصْلِهِ فَبَعَثَ إِلَيْهِ يَوْمًا بِطَعَامٍ وَلَمْ يَأْكُلْ مِنْهُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَلَمَّا أَتَى أَبُو أَيُّوبَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَذَكَرَ ذَلِكَ لَهُ فَقَالَ " فِيهِ ثُومٌ " . فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَحَرَامٌ هُوَ قَالَ " لاَ وَلَكِنِّي أَكْرَهُهُ مِنْ أَجْلِ رِيحِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৮১৪। মাহমূদ ইবনু গায়লান (রহঃ) ... জাবির ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ আয়ূবে রাদিয়াল্লাহু আনহু-এর ঘরে মেহমান হয়েছিলেন; তিনি খানা খেয়ে এর অবশিষ্ট আবূ আয়ূবের কাছে পাঠিয়ে দিতেন। একদিন তিনি খানা পাঠালেন; অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা থেকে কিছুই খাননি। এরপর আবূ আয়ূব যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলেন তখন সে বিষয়ে উল্লেখ করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এতে তো রসূন ছিল। আবূ আয়ূবে রাদিয়াল্লাহু আনহু বললেন 'ইয়া রাসূলাল্লাহু! এটা কি হারাম? তিনি বললেন না, তবে এর দুর্গন্ধের কারণে আমি তা পছন্দ করি না।

সহীহ, ইরওয়া ২৫১১, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮০৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Jabir bin Samurah:



"The Messenger of Allah (ﷺ) was staying with Abu Ayyub. When he ate some food, he would send what was left to him. So one day he sent him some food but the Prophet (ﷺ) did not eat from it. So Abu Ayyub went to the Prophet (ﷺ) and mentioned that to him. The Prophet (ﷺ) said: 'It contained garlic.' So he said: 'O Messenger of Allah! Is it unlawful?' He said: 'No, I dislike it because of its odor.'"

He said: This Hadith is Hasan Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন